অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/9/2023 **গভর্নর ক্যাথি হোকল**

ওষুধ ব্যবহার করে গর্ভপাত করার অ্যাক্সেসের ব্যাপারে বৃহৎ ফার্মেসি চেইনগুলোর কাছে গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমসের জবাব দাবি

নির্দিষ্ট কিছু স্টেটে বৃহৎ ফার্মেসি চেইন FDA কর্তৃক অনুমোদিত মিফেপ্রিস্টোন প্রদান করতে অস্বীকৃতি জানানোর পরে, গভর্নর এবং অ্যাটর্নি জেনারেল নিউ ইয়র্কে এই ওষুধ প্রদান করার জন্য কর্পোরেশনগুলোর কাছে সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন

গর্ভপাত সেবা গ্রহণ করতে ইচ্ছুক সবার জন্য নিউ ইয়র্ককে একটি নিরাপদ আশ্রয়ে পরিণত করতে আইন প্রণয়ন ও আইনি ব্যবস্থা গ্রহণের মাধ্যমে গভর্নর হোকল ও অ্যাটর্নি জেনারেল জেমস লড়াই করেছেন

চিঠিটি এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল এবং অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস আজ ওয়ালগ্রিনস (Walgreens) (ডুয়ান রিডের (Duane Reade) মালিক), রাইট এইড (Rite Aid) এবং CVS-এর CEO-দের কাছে একটি চিঠি পাঠিয়ে, নিউ ইয়র্ক স্টেটের অধিকাংশ ফার্মেসির প্রতিনিধিত্ব করা এসব কর্পোরেশনকে গর্ভপাতের ওষুধ মিফেপ্রিস্টোন লভ্য করার ব্যাপারে তাদের পরিকল্পনা সম্পর্কে জবাব দেওয়ার আহবান জানিয়েছেন। সম্প্রতি, গর্ভপাতবিরোধী রাজনীতিবিদদের চাপের মুখে একটি ফার্মেসি চেইন ঘোষণা করেছে যে তারা নির্দিষ্ট কিছু স্টেটে আর মিফেপ্রিস্টোন বিতরণ করবে না, যেটি গর্ভপাত সেবা এবং গর্ভপাতের চিকিৎসার জন্য ব্যবহৃত FDA কর্তৃক অনুমোদিত একটি ওষুধ।

গত বছর রোয়ে বাতিল করার ব্যাপারে সুপ্রিম কোর্টের সিদ্ধান্ত প্রকাশ হওয়ার পরিপ্রেক্ষিতে, নিউ ইয়র্ক স্টেট ক্লিনিকে উপস্থিত হয়ে সেবা গ্রহণের অ্যাক্সেস সুরক্ষিত রাখার জন্য স্বতস্ফূর্তভাবে পদক্ষেপ গ্রহণ করেছিল, যার মধ্যে স্টেটজুড়ে গর্ভপাত সেবা প্রদানকারীদেরকে সহায়তা করার জন্য দেশের নেতৃস্থানীয় 35 মিলিয়ন ডলারের বিনিয়োগ প্রদান করা, এবং গর্ভপাত সেবা প্রদানকারী এবং তাদের রোগী উভয়কে সুরক্ষিত রাখার জন্য একটি সমন্বিত আইনি প্যাকেজ স্বাক্ষর করা অন্তর্ভুক্ত রয়েছে।

চিঠির সম্পূর্ণ পাঠ্য নিচে দেওয়া হলো:

9 মার্চ, 2023

মিস. রোজালিন্ড ব্রিউয়ার
চিফ এক্সিকিউটিভ অফিসার, ওয়ালগ্রিনস বুটস অ্যালায়েন্স, ইনক.
108 Wilmot Road
Deerfield, IL 60015

মিস. এলিজাবেথ বার
অন্তর্বর্তীকালীন চিফ এক্সিকিউটিভ অফিসার, রাইট এইড
1200 Intrepid Avenue, 2nd Floor
Philadelphia, PA 19112

মিস. ক্যারেন এস. লিঞ্চ
প্রেসিডেন্ট এবং চিফ এক্সিকিউটিভ অফিসার, CVS হেলথ
One CVS Drive
Woonsocket, Rhode Island 02895

প্রিয় মিস. ব্রিউয়ার, মিস. বার এবং মিস. লিঞ্চ:

সাম্প্রতিক জাতীয় ঘটনাসমূহ প্রজনন স্বাস্থ্যসেবা সহ অপরিহার্য স্বাস্থ্যসেবার অ্যাক্সেস প্রদান করার ক্ষেত্রে ফার্মেসিগুলো যে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তা স্পষ্ট করে তুলেছে। আর একারণে আজ আমরা আপনাদের কাছে এটা বলার জন্য লিখছি যে আপনারা নিউ ইয়র্ক স্টেট জুড়ে নিজেদের খুচরা বিক্রেতা ও ডাকযোগে অর্ডার গ্রহণকারী ফার্মেসিগুলোতে ওষুধ ব্যবহার করে গর্ভপাত লভ্য করতে অঙ্গীকারাবদ্ধ হোন।

গত বছর যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট যখন *ডবস* সিদ্ধান্ত ঘোষণা করেছিল, তখন এই দেশের কয়েক মিলিয়ন মহিলার কাছ থেকে গর্ভপাত সেবা পাওয়ার সাংবিধানিক অধিকার ছিনিয়ে নেওয়া হয়েছে। এরপর তাৎক্ষণিকভাবে গর্ভপাত বিরোধী চরমপন্থীরা স্টেটের আইনসভা এবং যুক্তরাষ্ট্রের কংগ্রেসে উভয় স্থানে গর্ভপাতের উপর গুরুতর বিধিনিষেধ আরোপ করতে অথবা গর্ভপাত পুরোপুরিভাবে নিষিদ্ধ করতে তৎপর হয়ে উঠে। এর পরিণাম প্রাণঘাতী হতে পারে: 2022 সালে কলোরাডো বিশ্ববিদ্যালয়ের (University of Colorado) একটি অধ্যয়নে অনুমান করা হয় যে জাতীয় পর্যায়ে গর্ভপাত নিষিদ্ধকরণের ফলে মায়েদের মৃত্যুর হার 24% পর্যন্ত বেড়ে যেতে পারে। সিদ্ধান্তটি ঘোষণার পরবর্তী কয়েক মাসের মধ্যে গর্ভপাত সেবার অ্যাক্সেস ইতোমধ্যে নাটকীয়ভাবে সংকুচিত হয়ে পড়েছে, এবং দেশের বিস্তৃত অংশের জন্য এটি পুরোপুরি অনুপলভ্য হয়ে পড়েছে।

ঠিক একারণে আমরা *ডবস* সিদ্ধান্তের পরে নিউ ইয়র্কে প্রজনন সংক্রান্ত অধিকার সুরক্ষিত রাখাকে অগ্রাধিকার দিয়েছিলাম। নিউ ইয়র্ক দেশের নেতৃস্থানীয় গর্ভপাত সেবা প্রদানকারী সহায়তা তহবিল তৈরি করেছে এবং স্বাস্থ্যসেবা প্রদানকারী ও রোগীদের অধিকার সুরক্ষিত রাখার জন্য নতুন আইন পাশ করেছে। এবং নিউ ইয়র্কে সেবা প্রদানকারী এবং গর্ভপাত সেবা গ্রহণে

ইচ্ছুক ব্যক্তিদেরকে বিনামূল্যে আইনি সংস্থানসমূহ ও পরামর্শ প্রদান করার জন্য অ্যাটর্নি জেনারেল প্রজনন স্বাস্থ্যের জন্য প্রো বোনো টাস্ক ফোর্স (Pro Bono Task Force for Reproductive Health) গঠন করেছেন। নিউ ইয়র্ক স্টেটে গর্ভপাত আইনত বৈধ রয়েছে, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য এবং গর্ভপাত সেবা গ্রহণ করতে এখানে আসা যেকোনো ব্যক্তির জন্য আমাদের সুরক্ষার ব্যবস্থা রয়েছে। যেখানে অন্যত্র প্রজনন সংক্রান্ত অধিকার আক্রমণের সম্মুখীন হচ্ছে এমন এক সময়ে, আমরা এখানে নিউ ইয়র্ক থেকে সেগুলো হারিয়ে যেতে পারি না।

এসব কারণে, আমরা 2022 সালের ডিসেম্বর মাসে FDA-এর এই ঘোষণাকে স্বাগত জানিয়েছিলাম যে এটি গর্ভপাত সেবা এবং গর্ভপাতের চিকিৎসার জন্য ব্যবহৃত FDA কর্তৃক অনুমোদিত একটি ওষুধ, মিফেপ্রিস্টোন সরাসরি উপস্থিত হয়ে সংগ্রহ করার ব্যাপারে মেডিকেলভাবে অপ্রয়োজনীয় বাধ্যবাধকতা স্থায়ীভাবে প্রত্যাহার করবে। আপনাদের কোম্পানি সহ বৃহৎ জাতীয় ফার্মেসি চেইনগুলোর শুরুর দিকের এই ঘোষণাও আমাদেরকে সমানভাবে আনন্দিত করেছিল যে আপনারা এই ওষুধ বিতরণের জন্য FDA-এর কাছ থেকে সার্টিফিকেশন চাইবেন। *ডবস* সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বর্ধিত চাহিদা পূরণ করতে গর্ভপাত সেবার অ্যাক্সেস সম্প্রসারণ করার লক্ষ্য পূরণের জন্য ওষুধ ব্যবহার করে গর্ভপাতের লভ্যতা বৃদ্ধি করা অপরিহার্য, যা বর্তমানে দেশব্যাপী সম্পন্ন হওয়া গর্ভপাতের অর্ধেকেও বেশি।

দুর্ভাগ্যবশত, অ্যান্টি-চয়েস বাহিনীর দ্বারা পরিচালিত জাতীয় পর্যায়ে চাপ সৃষ্টিকারী একটি ক্যাম্পেইনের উপর ভিত্তি করে, 20 জন অ্যাটর্নি জেনারেল ফার্মেসিগুলোকে তাদের স্টেটে এই অপরিহার্য ওষুধটি বিতরণ না করতে আহবান জানিয়েছেন, যার ভিত্তি হচ্ছে আইনের বিধিনিষেধমূলক ব্যাখ্যা এবং প্রকৃত তথ্যগুলো ভুলভাবে ব্যাখ্যা করা। আমরা আপনাদের কাছে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি যে এসব কৌশলের কারণে আপনারা ভয় পাবেন না, এবং স্টেট ও ফেডারেল আইনের ন্যায্য ও পক্ষপাতশূন্য ব্যাখ্যার উপর ভিত্তি করে যথাসম্ভব ব্যাপক পর্যায়ে এই অতি গুরুত্বপূর্ণ ওষুধটি লভ্য করে তুলতে অঙ্গীকারাবদ্ধ হোন।

রাজনৈতিক কারণে অন্যত্র এই ওষুধের অ্যাক্সেস হুমকির মুখে পড়লেও, আমরা আপনাদেরকে মনে করিয়ে দিতে চাই যে নিউ ইয়র্কের আইন বেশ সরল। গর্ভপাত আইনত বৈধ এবং স্টেট আইনের অধীনে একটি মৌলিক অধিকার হিসেবে সুরক্ষিত রয়েছে, এবং নিউ ইয়র্কের ফার্মেসিগুলোতে মিফেপ্রিস্টোন বিতরণ করার ক্ষেত্রে কোনো আইনি প্রতিবন্ধকতা নেই। নিউ ইয়র্কবাসীদের জন্য তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীদের প্রজনন স্বাস্থ্যসেবার অ্যাক্সেসের পক্ষে স্পষ্টভাবে অবস্থান নেওয়া প্রয়োজন। নিউ ইয়র্কে একাধিক ফার্মেসি পরিচালনাকারী কর্পোরেশনসমূহের CEO হিসেবে, আপনাদের উপর এমন সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব রয়েছে যা স্টেটজুড়ে এই অপরিহার্য ওষুধের লভ্যতাকে দারুণভাবে প্রভাবিত করতে পারে। তাই আমরা আপনাদের কাছে নিম্নলিখিত প্রশ্নের উত্তর চেয়ে এই চিঠি লিখেছি:

- আপনারা কি নিউ ইয়র্ক স্টেটে FDA সার্টিফাইড সব ফার্মেসিতে একজন ডাক্তারের প্রেসক্রিপশন সাপেক্ষে রোগীদেরকে মিফেপ্রিস্টোন প্রদান করতে অঙ্গীকারাবদ্ধ হবেন? যদি না হয়, তাহলে এই সিদ্ধান্ত গ্রহণের আইনি ভিত্তি কী?

- আপনারা কি নিউ ইয়র্ক স্টেটের রোগীদেরকে একজন ডাক্তারের প্রেসক্রিপশন সাপেক্ষে ডাকযোগ মিফেপ্রিস্টোন প্রদান করতে অঙ্গীকারাবদ্ধ হবেন? যদি না হয়, তাহলে এই সিদ্ধান্ত গ্রহণের আইনি ভিত্তি কী?

নিউ ইয়র্কবাসীদের জরুরি ভিত্তিতে এসব প্রশ্নের উত্তর জানা প্রয়োজন, কারণ দেশ জুড়ে প্রজনন সংক্রান্ত অধিকার সংকুচিত ও লঙ্ঘিত হচ্ছে।

অনুগ্রহ করে 10 কর্মদিবসের মধ্যে osg@exec.ny.gov ঠিকানায় লিখিতভাবে উত্তর দিন।

বিনীত,

গভর্নর ক্যাথি হোকল

অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418